গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ১৬৮/২০১৮-২০১৯

ঢাকা, বুধবার ২৭ ফেব্রুয়ারি ২০১৯, ১৫ ফাল্গুন ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। দেশে বিনিয়োগ করুন : প্রবাসী প্রকৌশলীদের প্রতি প্রধানমন্ত্রী
২। আবাদি জমি রক্ষায় গবেষণার ওপর প্রধানমন্ত্রীর গুরুত্বারোপ
৩। নবনির্বাচিত এমপিদের ওরিয়েন্টশন কর্মসূচির উদ্বোধন করলেন স্পিকার
৪। ডিজিটাল নিরাপত্তা আইনে সাংবাদিককে হয়রানি করা যাবে না : ফেনীতে সেতুমন্ত্রী
৫। দেশে প্রকাশিত পত্রিকার সংখ্যা দু'হাজার ৬৫৪ : সংসদে তথ্যমন্ত্রী
৬। অনুমোদিত ভাঁটা ছাড়া ইট প্রস্তুত নিষিদ্ধ : সংসদে বিল পাস
৭। অটোরিক্সা ও ইজিবাইকের ব্যাটারি চার্জে সোলার চার্জিং স্টেশন স্থাপন : সংসদে বিদ্যুৎ প্রতিমন্ত্রী
৮। দেশে পর্যায়ক্রমে ই-জুডিশিয়ারি চালুর উদ্যোগ নেওয়া হয়েছে : আইনমন্ত্রী
৯। নিরাপদ খাদ্য ও পুষ্টির সঙ্গে আয়ের নিবিড় সম্পর্ক রয়েছে : কৃষিমন্ত্রী
১০। কৃষিতে বৈপ্লবিক পরিবর্তনে কৃষিবিদদের ভূমিকা অনন্য : শিক্ষামন্ত্রী
১১। বাণিজ্য সম্প্রসারণে ৫ দেশের সঙ্গে এমওইউ স্বাক্ষর আগামী মার্চে : বাণিজ্যমন্ত্রী
১২। চাপিয়ে দেওয়া বিনিয়োগ চায় না সরকার : জাতিসংঘের প্রতিনিধিদলকে পরিকল্পনামন্ত্রী
১৩। ডিএনসিসি'র উপ-নির্বাচন আগামীকাল : দুই সিটি করপোরেশনে আগামীকাল সাধারণ ছুটি
১৪। অভ্যন্তরীণ রুটের বিমানে ফটো আইডি বাধ্যতামূলক : প্রজ্ঞাপন জারি
১৫। উপকূলীয় এলাকায় ৩ নম্বর সতর্কতা জারি

চলমান পাতা-২

১। **দেশে বিনিয়োগ করুন : প্রবাসী প্রকৌশলীদের প্রতি প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রবাসে বসবাসরত বাংলাদেশের প্রকৌশলীদের এ মাটিরই সন্তান আখ্যায়িত করে তাদের দেশের চলমান উন্নয়ন কর্মকাণ্ডে অবদান রাখার আহ্বান জানিয়ে বলেছেন, বাংলাদেশে বিনিয়োগের অনেক সুযোগ সৃষ্টি করা হয়েছে। প্রবাসীরা সে সুযোগ গ্রহণ করতে পারে। অনাবাসিক প্রকৌশলীরা দেশের তথ্যপ্রযুক্তি, কৃষি, শিল্পোৎপাদন, যোগাযোগ এবং সমুদ্রসম্পদ আহরণে ব্যাপক ভূমিকা পালন করতে পারে। তারা পলিসি লেভেল চ্যালেঞ্জ এবং ইনস্টিটিউশন লেভেল চ্যালেঞ্জ মোকাবিলা করে দেশের চলমান উন্নয়নের ধারাকে এগিয়ে নিতে পারে। গতকাল (২৬ ফেব্রুয়ারি মঙ্গলবার) রাজধানীর প্যান প্যাসিফিক হোটেল সোনারগাঁওয়ে অনাবাসী (এনআরবি) প্রকৌশলীদের প্রথম কনভেনশনের উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক,৭), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

২। **আবাদি জমি রক্ষায় গবেষণার ওপর প্রধানমন্ত্রীর গুরুত্বারোপ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিদ্যুৎ প্রকল্পসহ অবকাঠামো নির্মাণের ক্ষেত্রে আবাদি জমি রক্ষায় ব্যাপক গবেষণার প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেছেন। গতকাল (২৬ ফেব্রুয়ারি মঙ্গলবার) জার্মান পার্লামেন্টের একটি প্রতিনিধিদলের সঙ্গে বৈঠকে তিনি এ ব্যাপারে সে দেশের সহায়তা কামনা করেন। প্রধানমন্ত্রীর সংসদ ভবন কার্যালয়ে বৈঠকেশেষে তাঁর প্রেস সচিব ইহসানুল করিম এ ব্যাপারে সাংবাদিকদের অবহিত করেন। জার্মান পার্লামেন্টের ভাইস প্রেসিডেন্ট ক্লাউদিয়া রুথ এমপি প্রতিনিধিদলের নেতৃত্ব দেন। বৈঠকে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব এবং বাংলাদেশে নিযুক্ত জার্মানির রাষ্ট্রদূত উপস্থিত ছিলেন। পরে ইউনিসেফের নির্বাহী পরিচালক হেনরিয়েটা এইচ ফোরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। ইউনিসেফের নির্বাহী পরিচালক বলেন, তাঁর সংস্থা রোহিঙ্গাদের জন্য সহায়তা অব্যাহত রাখবে। তিনি বলেন, বাংলাদেশের স্বাস্থ্যখাতের দক্ষতা বৃদ্ধি এবং যুবকদের বৃত্তিমূলক প্রশিক্ষণে ইউনিসেফ সহায়তা দেবে। সূত্র-**সমকাল** (পৃ.১১,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.২)।

৩। **নবনির্বাচিত এমপিদের ওরিয়েন্টশন কর্মসূচির উদ্বোধন করলেন স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, রাষ্ট্র পরিচালনা কেন্দ্রবিন্দু হচ্ছে জাতীয় সংসদ। আর এ সংসদকে অধিকতর প্রাণবন্ত ও কার্যকর করতে নবনির্বাচিত সংসদ সদস্যরা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবেন। গতকাল (২৬ ফেব্রুয়ারি মঙ্গলবার) সংসদ ভবন শপথকক্ষে একাদশ জাতীয় সংসদে প্রথমবারের মতো নবনির্বাচিত সংসদ সদস্যদের দু'দিনব্যাপী ওরিয়েন্টশন কর্মসূচির প্রথম পর্বের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় স্পিকার এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৭), **ইত্তেফাক** (পৃ.২,ক.৮), **নিউজ টুডে** (পৃ.২,ক.২), **নিউ এজ** (পৃ.১১,ক.১)।

৪। **ডিজিটাল নিরাপত্তা আইনে সাংবাদিককে হয়রানি করা যাবে না : ফেনীতে সেতুমন্ত্রী**

ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা দিয়ে সাংবাদিকদের হয়রানি করা যাবে না বলে মন্তব্য করেছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। ফেনী সার্কিট হাউসে গতকাল (২৬ ফেব্রুয়ারি মঙ্গলবার) গণমাধ্যমকর্মীদের সঙ্গে মতবিনিময়কালে তিনি বলেন, ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা দিয়ে উদ্দেশ্যমূলকভাবে কোনো সংবাদকর্মীকে হয়রানি করা যাবে না। এমনটি করলে আইনের অপ্রপ্রয়োগকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

৫। **দেশে প্রকাশিত পত্রিকার সংখ্যা দু'হাজার ৬৫৪ : সংসদে তথ্যমন্ত্রী**

বর্তমানে সারাদেশে মোট প্রকাশিত পত্রিকার সংখ্যা ২ হাজার ৬৫৪টি। এর মধ্যে দৈনিক **১** হাজার **২৪৮**, সাপ্তাহিক **১** হাজার **১৯২** এবং পাক্ষিক পত্রিকার সংখ্যা **২১৪**টি। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে গতকাল (২৬ ফেব্রুয়ারি মঙ্গলবার) সংসদে প্রশ্নোত্তরপর্বে তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ এ তথ্য জানান। অপর এক প্রশ্নের জবাবে তথ্যমন্ত্রী জানান, বর্তমান সরকার বাংলাদেশ সুপ্রীমকোর্টের আপীল বিভাগের একজন অবসরপ্রাপ্ত বিচারপতির নেতৃত্বে **১৩** সদস্যবিশিষ্ট নবম ওয়েজবোর্ড গঠন এবং সব সংবাদপত্রের গণমাধ্যমকর্মীদের শতকরা ৪৫ ভাগ মহার্ঘভাতা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। নবম ওয়েজবোর্ড ইতোমধ্যে রিপোর্ট প্রদান করেছে। অচিরেই নবম ওয়েজবোর্ড রোয়েদাদ ঘোষণার লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে। তথ্যমন্ত্রী আরো জানান, সংবাদপত্র ও ইলেক্ট্রনিক মিডিয়ার গণমাধ্যমকর্মীদের চাকরি সুরক্ষার জন্য 'গণমাধ্যমকর্মী (চাকরি ও শর্তাবলী) আইন' প্রণয়ন করা হচ্ছে। গত বছরের **১৫** অক্টোবরে মন্ত্রিসভা বৈঠকে এর নীতিগত অনুমোদন করা হয়। উভয় আইনের ভোটিংয়ের জন্য এখন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন আছে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.১), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১), **নিউ এজ** (পৃ.১,ক.৬)।

৬। **অনুমোদিত ভাঁটা ছাড়া ইট প্রস্তুত নিষিদ্ধ : সংসদে বিল পাস**

একাদশ জাতীয় সংসদে পাস হওয়া প্রথম বিলটি হচ্ছে 'ইট প্রস্তুত ও ভাঁটা স্থাপন (নিয়ন্ত্রণ) (সংশোধন) বিল-২০১৯'। পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী মোঃ শাহাব উদ্দিন সংসদ অধিবেশনে বিলটি পাসের প্রস্তাব উত্থাপন করলে তা কণ্ঠভোটে পাস হয়। পাস হওয়া বিলে অনুমোদিত ইটভাঁটা ছাড়া ইট প্রস্তুত নিষিদ্ধ করা হয়েছে। আর পরিবেশ সুরক্ষার স্বার্থে অটোব্রিকস উৎসাহিত করার বিধান রাখা হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৩), **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **নিউ এজ** (শেষ পৃ,ক.৭), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.৮)।

৭। **অটোরিক্সা ও ইজিবাইকের ব্যাটারি চার্জে সোলার চার্জিং স্টেশন স্থাপন : সংসদে বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

সারাদেশে ব্যাটারিচালিত অটোরিক্সা/ইজিবাইকের ব্যাটারি চার্জের মাধ্যমে বিদ্যুৎ অপচয়রোধ করতে সরকার বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। ব্যাটারিচালিত অটোরিক্সা/ইজিবাইকের ব্যাটারি চার্জ করার জন্য সোলার চার্জিং স্টেশন স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। পাইলট প্রজেক্ট হিসেবে প্রথমে ৬টি বিভাগীয় শহরে সোলার চার্জিং স্টেশন স্থাপন করার উদ্যোগ নেওয়া হয়েছে। ইতোমধ্যে ২০টি সোলার চার্জিং স্টেশন স্থাপন করা হয়েছে। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে গতকাল (২৬ ফেব্রুয়ারি মঙ্গলবার) সংসদে এক প্রশ্নের জবাবে এ তথ্য জানান বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৩), **ইত্তেফাক** (পৃ.৪,ক.৪)।

৮। **দেশে পর্যায়ক্রমে ই-জুডিশিয়ারি চালুর উদ্যোগ নেওয়া হয়েছে : আইনমন্ত্রী**

দেশের বিচার বিভাগ পর্যায়ক্রমে ই-জুডিশিয়ারির (বিচারিক প্রক্রিয়ায় ডিজিটাল ব্যবস্থা) সঙ্গে সম্পৃক্ত হবে বলে জানিয়েছেন আইনমন্ত্রী আনিসুল হক। গতকাল (২৬ ফেব্রুয়ারি মঙ্গলবার) সুপ্রিমকোর্টের সলিসিটর ভবনে ই-ফাইলিং সেবা কার্যক্রমের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৭), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৮)।

৯। **নিরাপদ খাদ্য ও পুষ্টির সঙ্গে আয়ের নিবিড় সম্পর্ক রয়েছে : কৃষিমন্ত্রী**

নিরাপদ খাদ্য ও পুষ্টির সঙ্গে আয়ের নিবিড় সম্পর্ক রয়েছে। আয় বৃদ্ধির সঙ্গে কৃষি জড়িত। আমাদের কৃষির অভ্যন্তরীণ বাজার প্রসারিত করে আন্তর্জাতিক বাজারে প্রবেশ করতে হবে। এর জন্য কৃষিপণ্যের বৈচিত্র্যায়ণ ও বাণিজ্যিকীকরণ অপরিহার্য। কিভাবে বাজার সম্প্রসারণ করে আন্তর্জাতিক বাজারে প্রবেশ করা যায় তা বের করতে হবে। গতকাল (২৬ ফেব্রুয়ারি মঙ্গলবার) কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক মন্ত্রণালয়ের সভাকক্ষে বার্ষিক উন্নয়ন কর্মসূচীভুক্ত প্রকল্প সমূহের (এডিপি) অগ্রগতি এর পর্যালোচনাসভায় এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক,৬)।

১০। **কৃষিতে বৈপ্লবিক পরিবর্তনে কৃষিবিদদের ভূমিকা অনন্য : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী ডা. দীপুমনি বলেছেন, একসময় সাড়ে সাত কোটি মানুষের প্রয়োজনের শতকরা ৬০ ভাগ খাদ্য উৎপাদন সম্ভব হতো। এখন বাংলাদেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ। এজন্য কৃষিবিদ ও গবেষকদের ভূমিকা অনন্যসাধারণ। ভবিষ্যতের কৃষিবিদদের এ ধারা অব্যাহত রাখতে হবে। গতকাল (২৬ ফেব্রুয়ারি মঙ্গলবার) শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত অসচ্ছল মেধাবী শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক,১), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৬)।

১১। **বাণিজ্য সম্প্রসারণে ৫ দেশের সঙ্গে এমওইউ স্বাক্ষর আগামী মার্চে : বাণিজ্যমন্ত্রী**

রাশিয়াসহ ইউরেশিয়ান ইকোনমিক ইউনিয়নের ৫টি দেশের সাথে বাণিজ্য সম্প্রসারণের লক্ষ্যে আগামী মার্চে একটি সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষর করা হবে। দেশ ৫টি হলো-আরমেনিয়া, বেলারুশ, কাজাখিস্তান, কির্গিজস্তান ও রাশিয়া। এর ফলে রাশিয়ার সাথে বাণিজ্য ক্ষেত্রে জটিলতা দূর হবে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। গতকাল (২৬ ফেব্রুয়ারি মঙ্গলবার) বাণিজ্য মন্ত্রণালয়ে ঢাকায় নিযুক্ত রাশিয়ার রাষ্ট্রদূত আলেকজান্ডার ইগন্যাটোভ এর সাথে মতবিনিময়শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.ক.৫), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৭), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.২)।

১২। **চাপিয়ে দেওয়া বিনিয়োগ চায় না সরকার : জাতিসংঘের প্রতিনিধিদলকে পরিকল্পনামন্ত্রী**

দেশের উন্নয়নে বিনিয়োগ দরকার। তবে যে কোনো মূল্যে চাপিয়ে দেওয়া বিনিয়োগ চায় না বাংলাদেশ। গতকাল (২৬ ফেব্রুয়ারি মঙ্গলবার) জাতিসংঘের একটি প্রতিনিধিদলের সঙ্গে বৈঠক শেষে পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান এ কথা বলেন। পরিকল্পনা মন্ত্রণালয়ে বৈঠকে জাতিসংঘের আবাসিক সমন্বয়কারী মিয়া সেপ্পোরসহ অন্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন। বৈঠকশেষে পরিকল্পনামন্ত্রী আরও জানান, জাতিসংঘ প্রতিনিধিদল দেশের বিনিয়োগ পরিস্থিতি সম্পর্কে জানতে চাইলে তাদের এ বিষয়ে অবহিত করা হয়। তিনি আরও বলেন, গ্রামকে শহরে রূপ দেওয়ার কাজ শুরু হয়েছে। কেননা গ্রামে সব থেকে বেশি দরিদ্র মানুষ বসবাস করে। দেশের সবচেয়ে দরিদ্রতম ৫ শতাংশ মানুষকে দারিদ্র্যসীমার ওপরে টেনে তুলতে সরকার বিশেষ কাজ শুরু করেছে। এ কার্যক্রম গ্রামে শুরু হবে। এর মাধ্যমে গ্রাম থেকে দারিদ্র্য দূর হবে। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক,৮), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৬), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১)।

১৩। **ডিএনসিসি'র উপ-নির্বাচন আগামীকাল : দুই সিটি করপোরেশনে আগামীকাল সাধারণ ছুটি**

ঢাকা উত্তর সিটি করপোরেশনে (ডিএনসিসি) মেয়র পদে উপনির্বাচন ও ঢাকার দুই সিটির সম্প্রসারিত ৩৬টি ওয়ার্ডের সাধারণ কাউন্সিলর ও সংরক্ষিত নারী কাউন্সিলর পদে নির্বাচনে ভোট আগামীকাল (২৮ ফেব্রুয়ারি বৃহস্পতিবার)। গতকাল (২৬ ফেব্রুয়ারি মঙ্গলবার) মধ্যরাতে এ নির্বাচনে অংশগ্রহণকারী প্রার্থীদের প্রচারণা শেষ হয়েছে। এর মধ্যে ভোটের সব প্রস্তুতি সম্পন্ন করেছে নির্বাচন কমিশন (ইসি)। ঐ দিন ঢাকার দুই সিটি করপোরেশনে সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **নিউ নেশন** (পৃ.১,ক.১)।

**১৪। অভ্যন্তরীণ রুটের বিমানে ফটো আইডি বাধ্যতামূলক : প্রজ্ঞাপন জারি**

চট্টগ্রামে বিমান ছিনতাই চেষ্টার পর দেশের সব অভ্যন্তরীণ রুটে বিমান ভ্রমণের জন্য যাত্রীদের ছবি সংবলিত আইডি কার্ড বা পরিচয়পত্র দেখানোর বিষয়টি বাধ্যতামূলক করে আবারও প্রজ্ঞাপন জারি করেছে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-বেবিচক। গতকাল (২৬ ফেব্রুয়ারি মঙ্গলবার) আদেশ জারির পর থেকেই বিষয়টি কার্যকর করার নির্দেশ দেওয়া হয়। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক,১), **সংবাদ** (পৃ.১,ক.৮), **নিউ নেশন** (পৃ.১,ক.১), **অবজারভার** ( পৃ.১,ক.১)।

১৫। **উপকূলীয় এলাকায় ৩ নম্বর সতর্কতা জারি**

কালবৈশাখীর প্রভাবে দেশের বিভিন্ন স্থানে গত দু'দিন ধরে শিলা ও বজ্রসহ বৃষ্টি হচ্ছে। বয়ে যাচ্ছে ঝড়ো হাওয়া। আবহাওয়া অধিদফতর জানিয়েছে, পশ্চিমা লঘুচাপের কারণে এ ঝড়ো হাওয়াসহ বৃষ্টি হচ্ছে। দেশের উপকূলীয় এলাকায় সমুদ্রবন্দরগুলোকে ৩ নম্বর এবং নৌবন্দরগুলোকে ২ নম্বর সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হবে। ঝড়ো হাওয়ার কারণে উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত নৌযানগুলোকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত সাবধানে চলাচলা করতে হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৬), **ভোরের কাগজ** (শেষ পৃ,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.৮)।

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক** : গত কয়েক বছর ধরে ঢাকার কয়েকটি এলাকায় সারাবছরই গ্যাসের সংকট দেখা দিচ্ছে উল্লেখ করে গ্যাস সমস্যার অন্যতম কারণ অবৈধ সংযোগ ও গ্যাসের যথেচ্ছ অপচয় বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

**খ.** **সমকাল** : পুরনো ঢাকা থেকে রাসায়নিক কারখানা ও গুদাম মার্চ মাসের মধ্যে সরানোর যে নির্দেশনা ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের নগরভবনে উচ্চপর্যায়ের সমন্বয়সভায় দেওয়া হয়েছে তাকে স্বাগত জানিয়ে অবিলম্বে তা বাস্তবায়ন করার ওপর গুরুত্বারোপ।

**গ.** **বণিকবার্তা** : ট্যানারি পল্লিঘেঁষা হেমায়েতপুরের ঝাউচর গ্রামের প্রতিটি বাড়িতেই কেউ না কেউ চর্মরোগ বা শ্বাসকষ্টে ভুগছে যা আগে কখনো দেখা যায়নি উল্লেখ করে নগরীতে সুষ্ঠু বর্জ্য ব্যবস্থাপনা নিশ্চিত করাজরুরি বলে মন্তব্য।

**ঘ.** **যুগান্তর** : দেশের দ্রুত উন্নতির জন্য কারিগরি শিক্ষা সম্প্রসারণের ওপর গুরুত্বারোপ।

**ঙ.** **জনকণ্ঠ** : কাজের গতি বাড়াতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের জন্য মাসিক সেরাকর্মী পুরস্কার চালু হচ্ছে উল্লেখ করে অবিলম্বে তা বাস্তবায়ন করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**চ.** **নিউনেশন** : ভবিষ্যৎ প্রজন্মের স্বাস্থ্য সুরক্ষায় সবরকমের খাদ্যে ভেজালরোধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

**উপসম্পাদকীয়**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বাংলা ভাষার গৌরব যেন কোনো অবস্থাতেই ম্লান না হয়ে যায় সেদিকে আমাদের সচেষ্ট হতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত **'ডায়াবেটিস প্রতিরোধে প্রয়োজন গণসচেতনতা'** শীর্ষক নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, খাদ্যাভ্যাস ও জীবনযাপন পদ্ধতির উন্নয়ন ও শারীরিক পরিশ্রম বাড়ানোর মাধ্যমে শতকরা ৬৫ থেকে ৭০ ভাগ ডায়াবেটিস প্রতিরোধ করা সম্ভব।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৯/৯.০০ঘন্টা